এডুকেয়ার আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ পরিদর্শনে বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মো. রুহুল আমিন

কুষ্টিয়ার স্বনামধন্য শিক্ষাপ্রতিষ্ঠান এডুকেয়ার আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ আকস্মিকভাবে পরিদর্শন করেছেন বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মো. রুহুল আমিন। তার এ সফর প্রতিষ্ঠানটির শিক্ষা কার্যক্রমে নতুন মাত্রা যোগ করেছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

পরিদর্শনকালে তিনি প্রতিষ্ঠানের সার্বিক কার্যক্রম গভীর মনোযোগসহ পর্যবেক্ষণ করেন। শ্রেণিকক্ষের পাঠদান পদ্ধতি, ল্যাবরেটরি সুবিধা, শিক্ষার মান, সহশিক্ষা কার্যক্রম এবং সামগ্রিক একাডেমিক পরিবেশ ঘুরে দেখেন। পাশাপাশি শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকদের সঙ্গে মতবিনিময় করেন, যা উপস্থিত সবার মাঝে ইতিবাচক সাড়া ফেলে।

পরে অডিটোরিয়ামে আয়োজিত এক সংক্ষিপ্ত আলোচনা সভায় শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা দেন।

তিনি বলেন, “শিক্ষকরা যখন তোমাদের শাসন করেন বা বকাঝকা করেন, তা তোমাদের মঙ্গলের জন্যই করেন। নিয়মিত পড়াশোনা করা এবং ক্লাসের পড়া ক্লাসেই শেষ করা অত্যন্ত জরুরি। শিক্ষকদের নির্দেশনা মনোযোগ দিয়ে অনুসরণ করতে হবে।”

তিনি আরও বলেন, “আজ আমি এখানে দাঁড়িয়ে কথা বলছি, ভবিষ্যতে তোমাদের মধ্য থেকেই কেউ এই জায়গায় দাঁড়িয়ে কথা বলবে এই লক্ষ্য নিয়ে এগিয়ে যেতে হবে। গ্লোবালাইজেশনের এই যুগে নিজেকে বিশ্লেষণ করে দক্ষ করে তুলতে হবে, তবেই সফলতা অর্জন সম্ভব।”

তার এই পরিদর্শনকে শুধু আনুষ্ঠানিকতা নয়, বরং প্রতিষ্ঠানের জন্য একটি অনুপ্রেরণামূলক মুহূর্ত হিসেবে দেখছেন শিক্ষক ও শিক্ষার্থীরা।

তিনি শিক্ষকদের উদ্দেশ্যে পাঠদান পদ্ধতি উন্নয়ন, শিক্ষার্থীদের

দক্ষতা বৃদ্ধি এবং আধুনিক শিক্ষাব্যবস্থার সঙ্গে তাল মিলিয়ে চলার বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন।

পরিদর্শনকালে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মো. মোজাম্মেল হক, পরিচালক মো. সোহেল রানা, প্রিন্সিপাল (একাডেমিক) মিস দিলরুবা পারভিন, ভাইস প্রিন্সিপাল মো. ফায়জুর রহমানসহ সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

সংশ্লিষ্টরা আশা করছেন, এ ধরনের উচ্চপর্যায়ের কর্মকর্তার পরিদর্শন প্রতিষ্ঠানটির শিক্ষার মান উন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখবে এবং ভবিষ্যৎ কার্যক্রমকে আরও গতিশীল করবে।